# আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ উহুদ যুদ্ধ (غَزْوَةُ أُحُدٍ)

রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

মুশরিকদের প্রত্যাগমনের সত্যাসত্য যাচাই (التَّثَبُّتُ مِنْ مَوْقِفِ الْمُشْرِكِيْنَ):

এরপর রাসূলুল্লাহ (ﷺ) আলী ইবনু আবূ ত্বালিব (রাঃ)-কে রওয়ানা করিয়ে দিয়ে বলেন,

(أُخْرُجْ فِيْ آثَارِ الْقَوْمِ فَانْظُرْ مَاذَا يَصْنَعُوْنَ؟ وَمَا يُرِيْدُوْنَ؟ فَإِنْ كَانُوْا قَدْ جَنَبُوْا الْخَيْلَ، وَامْتَطُوْا الْإِبِلَ، فَإِنَّهُمْ يُرِيْدُوْنِ مَكَّةَ، وَإِنْ كَانُوْا قَدْ رَكِبُوْا الْخَيْلَ وَسَاقُوْا الْإِبِلَ فَإِنَّهُمْ يُرِيْدُوْنَ الْمَدِيْنَةَ)

‘(মুশরিক) কওমের পিছু পিছু যাও, অতঃপর তারা কী করে এবং তাদের উদ্দেশ্য কী তা পর্যবেক্ষণ কর। যদি দেখ যে, তারা ঘোড়াকে পার্শ্বে রেখে উটের উপর সওয়ার হয়ে চলছে, তবে জানবে যে, ফিরে যাওয়াই তাদের উদ্দেশ্য আর যদি দেখ যে, তাঁরা ঘোড়ার উপর সওয়ার হয়ে উটকে হাঁকিয়ে নিয়ে যাচ্ছে, তবে জানবে যে, মদীনা (আক্রমণ করাই) তাঁদের উদ্দেশ্য।’

তারপর তিনি বলেন,

(وَالَّذِيْ نَفْسِيْ بِيَدِهِ، لَئِنْ أَرَادُوْهَا لَأَسِيْرَنَّ إِلَيْهِمْ فِيْهَا، ثُمَّ لَأُنَاجِزَنَّهُمْ)

‘যাঁর হাতে আমার প্রাণ রয়েছে তাঁর শপথ! যদি মদীনা (আক্রমণ করাই) তাদের উদ্দেশ্য হয়, তবে মদীনা গিয়ে আমি তাদের মোকাবেলা করব।’

আলী (রাঃ) বলেন, ‘অতঃপর আমি তাদের পিছনে বের হয়ে দেখি যে, তারা ঘোড়াকে পাশে রেখে উটের উপর সওয়ার হয়ে আছে এবং মক্কামুখী রয়েছে।’[1]

## ফুটনোট

[1] ইবনু হিশাম, ২য় খন্ড ৯৪ পৃঃ, হাফেজ ইবনু হাজর (রঃ) ফাতহুল বারী, সপ্ত খন্ডের ৩৪৭ পৃষ্ঠায় লিখেছেন যে, মুশরিকদের উদ্দেশ্য যাচাই করার জন্য সা‘আদ ইবনু আবী ওয়াক্কাস (রাঃ) রওয়ানা হয়েছিলেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6272

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন